রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, অক্টোবর ১৯, ২০১৭

## ৩য় খণ্ড

## প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ।

### প্রতিরক্ষা মন্ত্রণালয়

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ: ১০ আশ্বিন, ১৪২৪ বঃ/২৫ সেপ্টেম্বর ২০১৭ খ্রিঃ

নং ২৩.০০.০০.০০০০.১৪০.৯৯.০০৮.৯৬.২৬৬—পুনরাদেশ না দেয়া পর্যন্ত মায়ানমারের ইয়াংগুনে অবস্থিত বাংলাদেশ দুতাবাসের প্রতিরক্ষা উপদেষ্টা বিএ-৩১২৮ ব্রিগেডিয়ার জেনারেল রাশেদুল মান্নান, এলএসসি-কে একই সঙ্গে অনাবাসিক ভিত্তিতে কম্বোডিয়ার প্রতিরক্ষা উপদেষ্টা হিসেবে নিম্নলিখিত শর্তে নিয়োগ প্রদান করা হলো :

(ক) প্রতিরক্ষা উপদেষ্টা সস্ত্রীক বছরে এক/দু'বার সংশ্লিষ্ট দেশে ভ্রমণ করতে পারবেন;

(খ) প্রচলিত নিয়ম অনুযায়ী তিনি ভ্রমণ ব্যয় বাবদ বিমান ভাড়া ও দৈনিক ভাতা প্রাপ্য হবেন;

(গ) এ ব্যয় প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের সংশ্লিষ্ট অর্থ বৎসরের বাজেটের প্রতিষ্ঠান কোড-১৯৩৫, আন্তঃ বাহিনীসমূহ পরিচালনা কোড নম্বর-০০৯০ প্রতিরক্ষা এ্যাটাচী খাত থেকে নির্বাহ হবে।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হল এবং অবিলম্বে তা কার্যকর হবে।

তারিখ: ১২ আশ্বিন, ১৪২৪ বঃ/২৭ সেপ্টেম্বর ২০১৭ খ্রিঃ

নং প্রম/বিঃদূঃ/দিল্লী/ডি-১৪/২০১৩/২৭০—পুনরাদেশ না দেয়া পর্যন্ত বিএ-৬১০১ লেঃ কর্নেল শেখ রমিজ উদ্দিন মোঃ ওয়াসিম, এসপিপি, পিএসসি, এসি-কে ভারতের নতুন দিল্লীতে অবস্থিত বাংলাদেশ দূতাবাসের সহকারী প্রতিরক্ষা উপদেষ্টা হিসেবে নিম্নলিখিত শর্তে নিয়োগ প্রদান করা হলো:

(ক) প্রতিরক্ষা উপদেষ্টা হিসেবে নিয়োজিত থাকাকালে তাঁর চাকুরি বাংলাদেশ সেনা বাহিনীতে বহাল থাকবে;

(খ) তিনি উক্ত পদে নিয়োজিত থাকাকালীন কাউন্সেলর পদের কূটনৈতিক পদমর্যাদা ভোগ করবেন;

(গ) তিনি বেতন-ভাতাদি, বৈদেশিক ভাতা, যাতায়াত ভাতা, চিকিৎসা সুবিধা, বাসস্থান, ব্যক্তিগত মালামাল পরিবহন এবং আনুষঙ্গিক খরচ প্রচলিত আইন ও বিধি মোতাবেক প্রাপ্য হবেন;

(ঘ) এ নিয়োগ সংক্রান্ত ব্যয় ডিজিএফআই-এর ২০১৭-২০১৮ অর্থ বছরের বাজেটের প্রতিষ্ঠান কোড-১৯৩৫ আন্তঃবাহিনীসমূহ পরিচালনা কোড-০০৯০, প্রতিরক্ষা এ্যাটাচী খাত হতে এবং আউটফিট ও বদলী মঞ্জুরী বাবদ প্রাপ্য অর্থ সেনাবাহিনীর বাজেটের সংশ্লিষ্ট খাত হতে সংকুলান করা হবে;

(ঙ) কর্মস্থলে যোগদানের উদ্দেশ্যে কোনরূপ অগ্রিম অর্থ গ্রহণ করা হলে তা ভ্রমণ শেষে বিলের মাধ্যমে সমন্বয় করতে হবে;

(চ) বিএ-৬১০১ লেঃ কর্নেল শেখ রমিজ উদ্দিন মোঃ ওয়াসিম, এসপিপি, পিএসসি, এসি সপরিবারে (স্ত্রী তাশফিয়া ওয়াসিম ও পুত্র-আরফান মোহাম্মদ ওয়াসিম এবং গৃহভৃত্য/গৃহপরিচারিকাসহ) ভারতের নতুন দিল্লী গমন করতে পারবেন;

(ছ) গৃহভৃত্য/গৃহপরিচারিকা সঙ্গে নেয়ার ব্যাপারে সংশ্লিষ্ট প্রচলিত বিধি-বিধান প্রযোজ্য হবে।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

শাহ্নাজ রব
যুগ্মসচিব।

**প্রজ্ঞাপন**

তারিখ: ৬ আশ্বিন, ১৪২৪ বঃ/২১ সেপ্টেম্বর, ২০১৭ খ্রিঃ

**নং ২৩.০০.০০০০.১৮০.১৩.০৬৬.১৭-৩৪১**—বাংলাদেশ সেনাবাহিনীর বিএ-৭১০৭ মেজর মোঃ আদনান নবীন, আর্টিলারি-কে বাংলাদেশ আর্মি রেগুলেশন্স (ইনস্ট্রাকশন্স) ৫৩৪ এবং বাংলাদেশ আর্মি অর্ডার ১৫৩/২০১৩ অনুযায়ী শারীরিক অসমর্থতার কারণে সেনাবাহিনীর চাকরি থেকে অবসর প্রদান করা হলো।

২। তিনি প্রচলিত বিধি অনুসারে অবসর সংক্রান্ত প্রাপ্য আর্থিক ও অন্যান্য সুযোগ-সুবিধা প্রাপ্য হবেন।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবু বকর ছিদ্দিক**
যুগ্মসচিব।

---

**প্রজ্ঞাপন**

তারিখ: ১১ আশ্বিন, ১৪২৪ বঃ/২৬ সেপ্টেম্বর, ২০১৭ খ্রিঃ

**নং ২৩.০০.০০০০.০৭০.৬৯.০১৪.১০.৪০২**—প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ সমরাস্ত্র কারখানার ব্যবস্থাপক সার্ভিস গ্রুপ, এস এম লুৎফর রহমান (১০৫৫)-কে সরকারি কর্মচারী (অবসর) আইন, ১৯৭৪-এর ৪ ধারা অনুযায়ী ৬ জুলাই ২০১৭ খ্রিঃ তারিখ থেকে সরকারি চাকরি হতে অবসর প্রদান করা হল।

২। তাঁর অনুকূলে সরকারি কর্মচারী (অবসর) (সংশোধনী) আইন, ২০১০-এর ৩ ধারা অনুযায়ী ৭ জুলাই ২০১৭ খ্রিঃ হতে ৬ জুলাই ২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত ০১ (এক) বছরের অবসর-উত্তর ছুটি (পি.আর.এল) মঞ্জুর করা হল।

৩। তিনি বিধি অনুযায়ী অবসর এবং অবসর-উত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্য হবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সফিকুল আহম্মদ**
যুগ্মসচিব।

---

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৮ আশ্বিন ১৪২৪ বঙ্গাব্দ/৩ অক্টোবর ২০১৭ খ্রিস্টাব্দ

**নং ২৩.০০.০০০০.০৫০.১১.৩৩৬.১০-১৬৪**—আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তরে কর্মরত সহকারী পরিচালক বেগম সাইদা তাপসী রাবেয়া লোপা (৯ম গ্রেড) প্রচলিত নিয়োগবিধির শর্ত অনুসারে বিভাগীয় পরীক্ষায় সাফল্যের সঙ্গে উত্তীর্ণ এবং শিক্ষানবিশকাল সন্তোষজনকভাবে অতিবাহিত হওয়ায় চাকরিতে যোগদানের তারিখ অর্থাৎ ৮ অক্টোবর ২০১৩ তারিখ থেকে সহকারী পরিচালক পদে স্থায়ী করা হলো।

**আরিফুর রহমান খান**
উপসচিব।

---

**প্রজ্ঞাপন**

তারিখ: ১২ আশ্বিন ১৪২৪ বঙ্গাব্দ/২৭ সেপ্টেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

**নং ২৩.০০.০০০০.১২০.১৩.০০১.১৬-২৬০**—প্রতিরক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন মিলিটারি ইঞ্জিনিয়ার সার্ভিসেস (এমইএস)-এর নির্বাহী প্রকৌশলী বি/আর জনাব শেখ মোঃ আব্দুর রফিক (ব্যক্তিগত নম্বর ৮০১১৪)-কে The Public Servants (Retirement) Act, 1974 (Amendment, 2011) এর ৪ ধারা অনুযায়ী ০২-১০-২০১৭ তারিখ হতে সরকারি চাকরি থেকে অবসর প্রদান করা হল। তাঁর অনুকূলে আগামী ০৩-১০-২০১৭ থেকে ০২-১০-২০১৮ তারিখ পর্যন্ত ০১ (এক) বছরের অবসর উত্তর ছুটি (পি,আর,এল) মঞ্জুর করা হল।

২। তিনি বিধি অনুযায়ী ১৮ (আঠার) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ ল্যাম্পগ্রান্টসহ অবসর এবং অবসর-উত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্য হবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ ওয়ালিউল ইসলাম**
সহকারী সচিব।

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৩ আশ্বিন ১৪২৪ বঙ্গাব্দ/২৮ সেপ্টেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

**নং ২৩.০০.০০.০০০০.১৪০.৯৯.০০৮.৯৬-২৭৩**—পুনরাদেশ না দেয়া পর্যন্ত মায়ানমারের ইয়াংগুনে অবস্থিত বাংলাদেশ দূতাবাসের প্রতিরক্ষা উপদেষ্টা বিএ-৩১২৮ ব্রিগেডিয়ার জেনারেল রাশেদুল মান্নান, এলএসসি-কে একইসঙ্গে অনাবাসিক ভিত্তিতে ভিয়েতনামের প্রতিরক্ষা উপদেষ্টা হিসেবে নিম্নলিখিত শর্তে নিয়োগ প্রদান করা হলো:

(ক) প্রতিরক্ষা উপদেষ্টা সস্ত্রীক বছরে এক/দু'বার সংশ্লিষ্ট দেশে ভ্রমণ করতে পারবেন;

(খ) প্রচলিত নিয়ম অনুযায়ী তিনি ভ্রমণ ব্যয় বাবদ বিমানভাড়া ও দৈনিক ভাতা প্রাপ্য হবেন;

(গ) এ ব্যয় প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের সংশ্লিষ্ট অর্থ বৎসরের বাজেটের প্রতিষ্ঠান কোড-১৯৩৫, আন্তঃবাহিনীসমূহ পরিচালনা কোড নম্বর-০০৯০ প্রতিরক্ষা এ্যাটাচী খাত থেকে নির্বাহ হবে;

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হল এবং অবিলম্বে তা কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শাহ্নাজ রব**
যুগ্মসচিব।

---

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ১৩ আশ্বিন ১৪২৪ বঙ্গাব্দ/২৮ সেপ্টেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

**নং ২৩.০০.০০০০.০৭০.১২.০০১.১৫.৪০৭**—প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন মিলিটারী ইনস্টিটিউট অব সাইন্স অ্যান্ড টেকনোলজি (এমআইএসটি)-এর নিম্নবর্ণিত ২ (দুই) জন 'ল্যাবরেটরী সহকারী'-কে জাতীয় বেতনস্কেল-২০১৫ এর টাকা ১৬০০০–৩৮৬৪০/- (১০ম গ্রেড) বেতনস্কেলে নিম্নোক্ত শর্তে উপ-সহকারী প্রকৌশলী (ল্যাবঃ) পদে পদোন্নতি প্রদান করা হল:

(১) ব্যক্তিগত নম্বর ৩১৯৩০, ল্যাবরেটরী সহকারী (ইইসিই), মোঃ রাজীব বখতিয়ার

(২) ব্যক্তিগত নম্বর ৩১৯৩১, ল্যাবরেটরী সহকারী (মেকাঃ ইঞ্জিঃ), অবিনাশ চন্দ্র বর্ম্মন

**শর্তাবলী:**

ক। মিলিটারি ইনস্টিটিউট অব সাইন্স অ্যান্ড টেকনোলজির (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৫ অনুযায়ী কর্মকর্তাগণ পদোন্নতিপ্রাপ্ত পদে যোগদানের তারিখ থেকে ১ (এক) বছরের জন্য শিক্ষানবিশ হিসাবে থাকবেন। তবে কর্তৃপক্ষ প্রয়োজনবোধে এ শিক্ষানবিশকালের মেয়াদ সর্বোচ্চ ২ (দুই) বছর পর্যন্ত বর্ধিত করতে পারবেন;

খ। শিক্ষানবিশকালে তাঁদের আচরণ ও কর্ম সন্তোষজনক বিবেচিত না হলে অথবা পদোন্নতিপ্রাপ্ত পদে বহাল থাকার জন্য প্রয়োজনীয় দক্ষতা অর্জন করতে না পারলে কর্তৃপক্ষ তাঁদের পূর্বপদে প্রত্যাবর্তন করাতে পারবেন;

গ। শিক্ষানবিশকাল সন্তোষজনকভাবে সমাপ্তির পর নিয়োগ বিধমালার ৬(৪) বিধান অনুসারে তাঁদের পদোন্নতিপ্রাপ্ত পদে স্থায়ীকরণের বিষয়টি বিবেচনা করা হবে।

২। এ আদেশ জারির তারিখ থেকে কার্যকর হবে।

তারিখ: ২০ আশ্বিন ১৪২৪ বঙ্গাব্দ/০৫ অক্টোবর ২০১৭ খ্রিস্টাব্দ

**নং ২৩.০০.০০০০.০৭০.৬৯.০৪৭.১৭.৪১৭**— বাংলাদেশ বিমান বাহিনীর নিম্নবর্ণিত কর্মচারীগণকে বিমান বাহিনী এ্যাক্ট রুল-১৯৫৭ এর ২৪(১) বিধি অনুযায়ী চাকরির বয়সসীমা (Retiring age) অতিক্রান্তে এবং বিমান বাহিনী নির্দেশিকা ১/২০০১ অনুযায়ী স্বল্পমেয়াদি কমিশন শেষে ৭নং কলামে বর্ণিত তারিখ থেকে স্বাভাবিক অবসর প্রদান করা হল:

| ক্রঃ নং | কর্মচারীর নাম ও পদবি | জন্ম তারিখ | কমিশনের তারিখ | LPR-এ গমনের তারিখ | LPR শেষ হওয়ার তারিখ | অবসরের তারিখ | চাকরির বয়সসীমা (Retiring age) | জমাকৃত ছুটির পরিমাণ | মঞ্জুরকৃত LPR-এর ছুটি |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১। | গ্রুপ ক্যাপ্টেন মোহাম্মদ হারুনুর রশীদ, এনডিসি, পিএসসি (বিডি/৭৭৩১), জিডি(পি) | ০১ জানুয়ারি ১৯৬৪ | ১২ জুলাই ১৯৮৪ | ৩১ ডিসেম্বর ২০১৬ | ৩০ ডিসেম্বর ২০১৭ | ৩১ ডিসেম্বর ২০১৭ | ৫৩ বছর | ১০৮০ দিন | ৩৬৫ দিন |
| ২। | গ্রুপ ক্যাপ্টেন মোঃ সাঈদুল হাসান খান (বিডি/৭৯০৯), জিডি(পি) | ১৫ সেপ্টেম্বর ১৯৬৪ | ৩১ ডিসেম্বর ১৯৮৪ | ১৪ সেপ্টেম্বর ২০১৭ | ১১ সেপ্টেম্বর ২০১৮ | ১২ সেপ্টেম্বর ২০১৮ | ৫৩ বছর | ১২১১ দিন | ৩৬৩ দিন |
| ৩। | উইং কমান্ডার মুন্সী মনিরুজ্জামান (বিডি/৮৩৩৭), ইঞ্জি | ০৮ আগস্ট ১৯৬৬ | ২৩ জানুয়ারি ১৯৯০ | ০৭ আগস্ট ২০১৭ | ০৬ আগস্ট ২০১৮ | ০৭ আগস্ট ২০১৮ | ৫১ বছর | ১০৪৯ দিন | ৩৬৫ দিন |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৪। | উইং কমান্ডার নাসির উদ্দিন মোল্যা (বিডি/৮৬১৩), মেট | ১৫ সেপ্টেম্বর ১৯৬৬ | ২৪ মে ১৯৯৫ | ১৪ সেপ্টেম্বর ২০১৭ | ১২ সেপ্টেম্বর ২০১৮ | ১৩ সেপ্টেম্বর ২০১৮ | ৫১ বছর | ৯৪৩ দিন | ৩৬৪ দিন |
| ৫। | উইং কমান্ডার মোঃ মোফাজ্জল হুসাইন, বিপিপি (বিডি/৮৪৩৯), এডমিন | ০২ অক্টোবর ১৯৬৬ | ২৯ ডিসেম্বর ১৯৯১ | ০১ অক্টোবর ২০১৭ | ২৮ সেপ্টেম্বর ২০১৮ | ২৯ সেপ্টেম্বর ২০১৮ | ৫১ বছর | ১১২৩ দিন | ৩৬৩ দিন |
| ৬। | উইং কমান্ডার মোঃ মোস্তাফিজার রহমান (বিডি/৮৪৪৭), ইঞ্জি | ১৫ অক্টোবর ১৯৬৬ | ২৯ ডিসেম্বর ১৯৯১ | ১৪ অক্টোবর ২০১৭ | ১১ অক্টোবর ২০১৮ | ১২ অক্টোবর ২০১৮ | ৫১ বছর | ৯৯৩ দিন | ৩৬৩ দিন |
| ৭। | স্কোয়াড্রন লীডার মোহাম্মদ গোলাম মোস্তফা (বিডি/৮৭৯৪), লজিস্টিক | ২৮ অক্টোবর ১৯৭৫ | ২৫ নভেম্বর ১৯৯৯ | ২৪ নভেম্বর ২০১৪ | ২৩ মে ২০১৫ | ২৪ মে ২০১৫ | ১৫ বছর | ৫৮৭ দিন | ১৮১ দিন |
| ৮। | স্কোয়াড্রন লীডার নাফিস আহমেদ (বিডি/৮৯৫৩), জিডি(পি) | ২২ ডিসেম্বর ১৯৮২ | ১৯ জুন ২০০২ | ১৮ জুন ২০১৭ | ১৬ ডিসেম্বর ২০১৭ | ১৭ ডিসেম্বর ২০১৭ | ১৫ বছর | ৬০৭ দিন | ১৮২ দিন |
| ৯। | স্কোয়াড্রন লীডার মাশরুর হোসাইন (বিডি/৮৯৫৩), জিডি(পি) | ৩১ ডিসেম্বর ১৯৮০ | ১৯ জুন ২০০২ | ১৮ জুন ২০১৭ | ২৬ জুন ২০১৭ | ২৭ জুন ২০১৭ | ১৫ বছর | ৬৭৫ দিন | ০৯ দিন |
| ১০। | স্কোয়াড্রন লীডার তানভীর রেজা (বিডি/৮৯৬৪), জিডি(পি) | ১ আগস্ট ১৯৮১ | ১৯ জুন ২০০২ | ১৮ জুন ২০১৭ | ১৬ ডিসেম্বর ২০১৭ | ১৭ ডিসেম্বর ২০১৭ | ১৫ বছর | ৬৩০ দিন | ১৮২ দিন |

২। প্রচলিত বিধি অনুযায়ী তাঁরা সংশ্লিষ্ট সুবিধাদি প্রাপ্য হবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সফিকুল আহম্মদ**
যুগ্মসচিব।

---

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ২০ আশ্বিন ১৪২৪ বঙ্গাব্দ/০৫ অক্টোবর ২০১৭ খ্রিস্টাব্দ

নং **২৩.০০.০০০০.০৬০.১৩.০০১.১৭.৪৩১**—বাংলাদেশ নৌবাহিনীর নিম্নবর্ণিত কর্মকর্তাকে নেভী রুল ১২এ(১)(এ) অনুযায়ী বর্তমান পদবির জন্য নির্ধারিত বয়সসীমা অতিক্রমের পর তাঁর নামের পাশে বর্ণিত তারিখ হতে বাংলাদেশ নৌবাহিনীর চাকরি থেকে স্বাভাবিক অবসর মঞ্জুর করা হলো:

| ক্রমিক | কর্মকর্তার পদবি, নাম ও পি নং | অবসর গমনের তারিখ | এলপিআর গমনের তারিখ |
|---|---|---|---|
| ১ | ক্যাপ্টেন শেখ মোঃ জাভেদ ইকবাল, (জি), বিসিজিএম, পিএসসি, বিএন (পি নং ৪০৯)। | বিকাল ২৯-১১-২০১৭ | সকাল ৩০-১১-২০১৭ |

২। জেএসআই মোতাবেক তিনি ১২ মাস এলপিআর ভোগ করবেন।

৩। তিনি বিধিমতে অবসর ভাতা এবং অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন।

৪। তাঁর নিকট সরকারি কোন পাওনা থাকলে তা পেনশন নিষ্পত্তির সময় সমন্বয় করতে হবে।

নং **২৩.০০.০০০০.০৬০.১৩.০০১.১৭.৪৩২**—বাংলাদেশ নৌবাহিনীর নিম্নবর্ণিত কর্মকর্তাকে নেভী রুল ১২এ(১)(এ) অনুযায়ী বর্তমান পদবির জন্য নির্ধারিত বয়সসীমা অতিক্রমের পর তাঁর নামের পাশে বর্ণিত তারিখ হতে বাংলাদেশ নৌবাহিনীর চাকরি থেকে স্বাভাবিক অবসর (এলপিআর ব্যতীত) মঞ্জুর করা হলো:

| ক্রমিক | কর্মকর্তার পদবি, নাম ও পি নং | অবসর গমনের তারিখ |
|---|---|---|
| ১ | ইঃ কমান্ডার সালেহ্ আহ্মদ, বিএন (পি নং ৮৭৮)। | বিকাল ৯-১১-২০১৭ |

২। তিনি বিধিমতে অবসর ভাতা এবং অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন।

৩। তাঁর নিকট সরকারি কোন পাওনা থাকলে তা পেনশন নিষ্পত্তির সময় সমন্বয় করতে হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এস.এম. আবুল কালাম আজাদ**
যুগ্মসচিব।